**Times Today BD**

সংগীত কুমার | ক্যাম্পাস | 12 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং (বিএমই) বিভাগের উদ্যোগে সরকারি ও বেসরকারি পর্যায়ে বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারদের নিয়োগসংক্রান্ত সংকট, সীমাবদ্ধতা ও সমাধান বিষয়ে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।সোমবার (১২ মে) দুপুর ২টায় বিভাগীয় কক্ষ (৩০৩ নম্বর) এ সেমিনারটি অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন বিভাগের সভাপতি ড. মো. খাইরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) বিএমই বিভাগের সভাপতি ড. মো. তারিক আরাফাত এবং বিশেষ অতিথি ছিলেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) অধ্যাপক ড. মো. বশির উদ্দিন।

সেমিনারে সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারদের চাকরির সুযোগ বাড়াতে নানা দাবি তুলে ধরেন শিক্ষার্থীরা।দাবিগুলোর মধ্যে রয়েছে– বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনে পদ সৃষ্টিসহ নিয়োগ, মেডিকেল কলেজ ও সরকারি হাসপাতালগুলোতে স্থায়ী পদ সৃষ্টি, বিসিএস প্রফেশনাল বা টেকনিক্যাল ক্যাডারে অন্তর্ভুক্তি এবং বেসরকারি কোম্পানির সঙ্গে কার্যকর সংযোগ স্থাপন।

এ সময় ‘□□□□□□ □□□□□□□□: □□□□□ □□ □□□□□□□□□□□□’ কোর্সে অংশ নেওয়া ৪৩ জন শিক্ষার্থীকে সনদ প্রদান করা হয়।

বুয়েটের অধ্যাপক ড. তারিক আরাফাত বলেন, “দক্ষতা বাড়ানোর পাশাপাশি সফট স্কিলেরও উন্নয়ন প্রয়োজন।শিক্ষার্থীদের দাবি গুরুত্বপূর্ণ, আমরা সেগুলোর বাস্তবায়নে কাজ করবো।”

বিএমই বিভাগের সভাপতি ড. খাইরুল ইসলাম বলেন, “এ ধরনের যৌথ সভা বিভাগ ও শিক্ষার্থীদের জন্য ইতিবাচক। দাবিগুলো যৌক্তিক এবং বাস্তবায়নে আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে আলোচনায় যাব।”

ইবি বায়োমেড ইনোভেটস ক্লাবের সহ-সভাপতি মো. মাহফুজার রহমান জানান, দেশের বিভিন্ন দপ্তরে চিঠি দিয়ে কর্মসংস্থান প্রসারে উদ্যোগ নেওয়া হচ্ছে এবং বুয়েট-কুয়েটের সঙ্গে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করা হয়েছে।

ইবি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:00

URL: https://www.timestodaybd.com/campus/2380380826